

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭২০

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৩ মে ২০২৬

বিষয় : আজিমপুরহু জাজেস কোয়ার্টার্স-এর ৩/ডি নম্বর ফ্ল্যাটের বরাদ্দ বাতিল হওয়ায় দখল হস্তান্তর প্রসঙ্গে।


- সূত্র: (১) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর গত ০৭.১২.২০২৫ তারিখের ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.১৮৩২(ক) নং স্মারক
(২) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর গত ১৯.০২.২০২৬ তারিখের ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.২৪৫ নং স্মারক
(৩) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর গত ২৫ ফাল্গুন ১৪৩২ তারিখের ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৩৮১ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং স্মারকমূলে আপনার নামে আজিমপুরহু জাজেস কোয়ার্টার্স-এর ৩/ডি নং ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হয়েছে, সূত্রোক্ত ২নং স্মারকমূলে উক্ত ফ্ল্যাটের বরাদ্দ বৃদ্ধির আবেদন না-মঞ্জুর করা হয়েছে এবং সূত্রোক্ত ৩নং স্মারকমূলে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে বাসা হস্তান্তর করাসহ দ্বিগুন হারে বাসা ভাড়া কর্তনের নির্দেশনা প্রদান করা হয়েছে। আপনার নামে বাসা বরাদ্দ বাতিল আদেশ গত ২৮.০২.২০২৬ তারিখ কার্যকর হওয়ার পরও আপনি এখনও উক্ত বাসার দখল হস্তান্তর করেননি।

০২। এমতাবস্থায়, আপনাকে উক্ত বাসা সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং ৩নং সূত্রোক্ত স্মারকপত্রের নির্দেশনা অনুসরণক্রমে আপনাকে Bangladesh Allocation Rules 1982 এর 19(2) বিধি অনুসারে গত ২৮.০২.২০২৬ তারিখ হতে অদ্যাবধি দ্বিগুন হারে বাসা ভাড়া পরিশোধ/কর্তন করে উহার প্রমাণক এবং সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ হতে রাষ্ট্রীয় পরিশেবা (প্রাসঙ্গিক সকল দাবী-দাওয়া/পাওনাদি পরিশোধপূর্বক) সংক্রান্ত বকেয়া না থাকার বিষয়ে না-দাবী সনদ বা ছাড়পত্র গ্রহণ ও বাসা দখল হস্তান্তরের কপি গ্রহণ করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগের বাসা বরাদ্দ কমিটির মাননীয় সভাপতি এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বরাবর প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

০৩। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চাঁদপুর-কে উল্লিখিত কর্মকর্তার গত ২৮.০২.২০২৬ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত বেতন বিলের কপি আইন ও বিচার বিভাগের বাসা বরাদ্দ কমিটির মাননীয় সভাপতি এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬/০৫/২০২৬
(সাইয়েদ মোঃ শাফায়াত)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ০২-২২৩৩৫৭৪২০

১। জনাব মুজাহিদুর রহমান
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।


২। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চাঁদপুর।

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৯.০৬.০০৮.২৫.৭২০/১(০৮)

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৩ মে ২০২৬

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, চাঁদপুর।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা (দখল হস্তান্তরপূর্বক রিপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ✓ প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।


২৩/০৫/২০২৬
(সাইয়েদ মোঃ শাফায়াত)
সিনিয়র সহকারী সচিব